

রাজশাহী কলেজ, রাজশাহী
ডকেট নং ০৪
তারিখ ০৪/০৬/২০২৫
স্থাপিত. ১৮৭৩

প্র/ম প্রোগ্রামিং সফটওয়্যার বিদ।
১২০২০২
০৪/০৬/২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৩.৯৯.০১৫.২০২২- ১৬৮

তারিখ: ০৩/০৩/২০২৫ খ্রি.


বিষয়ঃ বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাগণের পিডিএস হালনাগাদকরণ এবং তথ্য প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বিভিন্ন প্রতিষ্ঠানে বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারে কর্মরত কর্মকর্তাগণের পিডিএস যথাসময়ে হালনাগাদ না করায় দাপ্তরিক জটিলতা সৃষ্টি হচ্ছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে আগামী ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে নিম্নরূপ নির্দেশনা অনুসরণের জন্য অনুরোধ করা হলো।

১. বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের সকল কর্মকর্তা পিডিএস হালনাগাদ করবেন।
২. যে সকল কর্মকর্তা চাকুরী হতে ইস্তফা দিয়েছেন/ মৃত্যুবরণ করেছেন তাঁদেরকে প্রতিষ্ঠানের ইএমআইএস (EMIS) পোর্টাল থেকে বাদ দিতে হবে এবং তাঁদের ID নম্বরসহ তালিকা অত্র অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
৩. প্রতিষ্ঠানসমূহের শূন্য পদের তথ্য হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত তথ্য অত্র অধিদপ্তরে প্রেরণ করতে হবে।

বর্গিতাবস্থায়, উপরিলিখিত নির্দেশাবলী নির্ধারিত সময়ের মধ্যে যথাযথভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য, কোনো কর্মকর্তার পিডিএস-এর তথ্য হালনাগাদ না থাকার কারণে বদলী, পদায়ন, পদোন্নতিসহ যে কোনো দাপ্তরিক কাজে জটিলতা সৃষ্টি হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

বিষয়টি অতীব জরুরি।


(মোঃ নুরুল হক সিকদার)
উপপরিচালক (কলেজ-১)
ফোন: ০২-৪১০৫০৬২০

অনুলিপি:

০১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। অধ্যক্ষ/ প্রতিষ্ঠান প্রধান, সকল সরকারি কলেজ/ মাদ্রাসা-ই-আলিয়া/ সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ/ এনসিটিবি/ সকল বোর্ড/ ডিআইএ/ নায়েম/ এইচএসটিটিআই/ বিএমটিটিআই এবং সংশ্লিষ্ট সকল অফিস প্রধানকে তাঁর দপ্তরে কর্মরত বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডার কর্মকর্তাগণ-কে বিষয়টি অবহিতকরণের অনুরোধসহ।
- ০২। আঞ্চলিক পরিচালক (সকল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা.....(পত্রের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিতকরণ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
- ০৩। পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা;
- ০৪। সংরক্ষণ নথি।